

# Subject: Sociology

Semester IV Generic Elective/DSC 04  
Methods of Sociological Enquiry

## Unit: 1 : The Logic of Social Research

সামাজিক বিজ্ঞানে বস্তুনিষ্ঠতা প্রয়োজনীয়তা লেখ ?

অথবা

সামাজিক গবেষণায় বস্তুনিষ্ঠতার গুরুত্ব লেখ ?

অথবা

বস্তুনিষ্ঠতা বলতে কী বোঝ ? বস্তুনিষ্ঠতা প্রসঙ্গে সমাজতাত্ত্বিকদের অবদান লেখ ?

সমাজতাত্ত্বিক এমিল ডুরখেইম ১৯৫৮ সালে প্রকাশিত তাঁর 'দ্য রুলস অব সোসিওলজিক্যাল মেথড' গ্রন্থে সমাজবিজ্ঞানে বস্তুনিষ্ঠতা (Objectivity) বিষয়ে আলোচনা করেছেন। সামাজিক ঘটনা (Social Fact) কী এবং তা উদ্ঘাটনের সমাজতাত্ত্বিক পদ্ধতি নিয়ে ডুরখেইম গভীরভাবে অধ্যয়ন করেন। তাঁর মতে, সামাজিক ঘটনা হল সমাজের সদস্যদের সমষ্টিগত চিন্তা-চেতনা, প্রবণতা, রীতি-নীতি ইত্যাদি। তাঁর কাছে সামাজিক ঘটনা কোনো সমাজবিজ্ঞানীর চিন্তা-চেতনার ফসল নয়। একে তিনি প্রকৃত বস্তু (thing) হিসেবে উপস্থাপিত করতে চেয়েছেন। সামাজিক ঘটনা একটি আলাদা সত্তা। এই সত্তা অনন্যসাধারণ ও ব্যক্তিনিরপেক্ষ এবং এই সামাজিক ঘটনা কোনো সমাজবিজ্ঞানীর ইচ্ছাধীন নয়। ডুরখেইমের মতে, বিজ্ঞানসম্মত ভাবে বস্তুনিষ্ঠ পদ্ধতি অবলম্বন করে সামাজিক ঘটনাকে (Social Fact) উদ্ঘাটনের প্রচেষ্টা করতে হবে। ব্যক্তিভিত্তিক বিষয়ীগত (Subjective) দৃষ্টিভঙ্গিতে এই সামাজিক ঘটনার বৈশিষ্ট্য অনুধাবন করা সম্ভব হবে না। সমাজবিজ্ঞান সামাজিক ঘটনাসমূহকে বস্তুনিষ্ঠভাবে অধ্যয়ন করে থাকে। সেই কারণে সামাজিক ঘটনা উদ্ঘাটনে সমাজ গবেষককে এ সম্পর্কিত নিজস্ব ধ্যান-ধারণা মুক্ত হয়ে বস্তুনিষ্ঠ বা অবজেকটিভ দৃষ্টিভঙ্গি গ্রহণ করতে হবে।

১৯৪৯ সালে সমাজতাত্ত্বিক ম্যাক্স ওয়েবার (Max Weber) লিখিত 'দ্য মেথডোলজি অব দি সোশাল সায়েন্সেস' গ্রন্থটি প্রকাশিত হয়। সমাজতত্ত্বে বস্তুনিষ্ঠতা প্রসঙ্গে ডুরখেইমের মতামত থেকে ওয়েবারের মতামতের পার্থক্য পরিলক্ষিত হয়।